**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইউপি-১ শাখা
www.lgd.gov.bd

**শেখ হাসিনার মূলনীতি**
**গ্রাম শহরের উন্নতি**

স্মারক নং-৪৬.০০.০০০০.০১৭.৯৯.০০৪.১৫-৯১৬০

তারিখ : ১১ কার্তিক ১৪২৭ / ২৭ অক্টোবর ২০২০

বিষয় : উন্নয়ন কর্তৃপক্ষের আওতা বহির্ভূত উপজেলা ও ইউনিয়ন পরিষদের অধিক্ষেত্রাধীন এলাকায় ইমারত-স্থাপনার নকশা অনুমোদনের ফি নির্ধারণ সংক্রান্ত।

সূত্র: স্থানীয় সরকার বিভাগের স্মারক নং-৪৬.০০.০০০০.০১৭.৯৯.০০৪.১৫-৫৪২, তারিখ: ১০/০৭/২০১৭খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, উন্নয়ন কর্তৃপক্ষের আওতা বহির্ভূত উপজেলা ও ইউনিয়ন পরিষদের অধিক্ষেত্রাধীন এলাকায় ইমারত-স্থাপনার নকশা অনুমোদন এবং ভবনের গুনগতমান নিশ্চিতকরণের জন্য স্থানীয় সরকার বিভাগ হতে গত ১০/০৭/২০১৭ তারিখে সূত্রোস্থ স্মারকে একটি নির্দেশনা জারী করা হয়। কিন্তু উক্ত নির্দেশিকায় নকশা অনুমোদনের ফি এর বিষয়টি উল্লেখ ছিল না। এক্ষনে উন্নয়ন কর্তৃপক্ষের আওতা বহির্ভূত উপজেলা ও ইউনিয়ন পরিষদের অধিক্ষেত্রাধীন এলাকায় ইমারত-স্থাপনার নকশা অনুমোদনের জন্য ফি নিম্নবর্ণিত হারে নির্ধারণ করা হলো :

(ক) আবাসিক/বাণিজ্যিক ইমারত-স্থাপনার নকশা অনুমোদনের আবেদনপত্রের মূল্য ৩০০ (তিনশত) টাকা।

(খ) আবাসিক/বাণিজ্যিক ভবনের নকশা অনুমোদন ফি প্রতি বর্গফুট ০১ (এক) টাকা হারে ধার্য করা হলো। তবে ভবনের মেঝের আয়তন যাই হোক না কেন নকশা অনুমোদন ফি সর্বনিম্ন ৩০০০ (তিন হাজার) টাকা এবং সর্বোচ্চ ২৫০০০ (পঁচিশ হাজার) টাকার বেশি ধার্য করা যাবে না।

(গ) ভবন নির্মাণের নকশা অনুমোদনের ফি বাবদ প্রাপ্ত অর্থের ৫০% সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের তহবিলে প্রদান করতে হবে। অবশিষ্ট ৫০% অর্থ উপজেলা পরিষদের তহবিলে জমা হবে। উক্ত অর্থ হতে সরকারি বিধি-বিধান অনুসরণপূর্বক সংশ্লিষ্ট কমিটির সদস্যগণের সম্মানীভাতা, আপ্যায়ন ও আনুষাঙ্গিক ব্যয় নির্বাহ করা যাবে।

০২। এ আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারী করা হলো।

২৭/১০/২০২০

(মোহাম্মদ ইফতেখার আহমেদ চৌধুরী)
উপসচিব
ফোন : ৯৫৮৬৬০৫
up1lgd@gmail.com

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

১। জেলা প্রশাসক (সকল)---------------------------জেলা।
২। উপপরিচালক, স্থানীয় সরকার (সকল)--------------------------জেলা।
৩। চেয়ারম্যান---------------------------উপজেলা পরিষদ------------------------------জেলা।
৪। উপজেলা নির্বাহী অফিসার (সকল)-------------------------উপজেলা-------------------জেলা।
৫। চেয়ারম্যান---------------------------ইউনিয়ন পরিষদ----------------------উপজেলা----------------জেলা।

স্মারক নং-৪৬.০০.০০০০.০১৭.৯৯.০০৪.১৫-৯১৬০

তারিখ : ১১ কার্তিক ১৪২৭ / ২৭ অক্টোবর ২০২০

**অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

১। সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার (সকল)-------------------------জেলা।
৪। মহাপরিচালক (মইই উইং)/অতিরিক্ত সচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। সভাপতি, ইনস্টিটিউট অব ইঞ্জিনিয়ার্স, বাংলাদেশ/সভাপতি, ইনস্টিটিউট অব আর্কিটেক্টস, বাংলাদেশ।
৭। সভাপতি, বাংলাদেশ ইনস্টিটিউট অব প্লানারস, বাংলাদেশ।
৮। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১০। অফিস কপি।

২৭/১০/২০২০

(মোহাম্মদ ইফতেখার আহমেদ চৌধুরী)
উপসচিব

E:\All Documents\Union Parishad-2\General\Note & Letter\Letter-1-256